দৈনিক সংবাদ
তারিখ 15 AUG 1989
পৃষ্ঠা ... 1 ... কলাম 2

বাংলাদেশ প্রেস তথ্য ও পরিসংখ্যান ডকুমেন্টেশন কেন্দ্র

# কলেজে ভর্তির ভিড় আসন সংখ্যা সীমিত

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

রাজধানীর বিভিন্ন কলেজে একাদশ শ্রেণীতে ভর্তির কাজ শুরু হয়েছে। নামী কলেজগুলোতে আসন সংখ্যার চাইতে কয়েকগুণ বেশী ছাত্রছাত্রী ভিড় করছে বলে জানা গেছে।

নটরডেম কলেজে বিজ্ঞান শাখার ৮শ' আসনের জন্য প্রায় সাড়ে ৪ হাজার, মানবিক শাখার ২১৫টি আসনের জন্য ৬ শ'রও বেশী এবং বাণিজ্য শাখার ৩১৫টি আসনের জন্য প্রায় ১৬শ' ছাত্র আবেদন করেছে। আবেদনকারীর যোগ্যতা বিজ্ঞান শাখার জন্য প্রথম বিভাগ এবং অন্যান্য শাখার জন্য কমপক্ষে দ্বিতীয় বিভাগ চাওয়া হয়েছিল।

রেসিডেন্সিয়াল মডেল কলেজে বাইরের ছাত্রদের জন্য বিজ্ঞান ও মানবিক শাখায় প্রায় ১শ' আসন রয়েছে। আবেদনপত্র গ্রহণ গতকাল সোমবার পর্যন্ত শেষ না হলেও গতকাল পর্যন্ত ৪।৫ গুণ বেশী আবেদনপত্র জমা পড়েছে বলে জানা গেছে।

হলিক্রস কলেজে বাইরের ছাত্রীদের জন্য নির্ধারিত একশ' আসনের জন্য প্রায় দুই হাজার আবেদনপত্র জমা পড়েছে বলে অসমর্থিত খবরে জানা গেছে।

অন্যান্য কলেজগুলোর মধ্যে ঢাকা কলেজে আগামী ২০শে আগষ্ট থেকে ভর্তি প্রক্রিয়া শুরু হবে, বদরুন্নেসা মহিলা কলেজে দরখাস্ত গ্রহণ শুরু হয়েছে, চলবে এ মাস পর্যন্ত, লালমাটিয়া মহিলা কলেজে ১৮ই আগষ্ট পর্যন্ত দরখাস্ত নেয়া হবে, তিতুমীর কলেজে শিগগিরই দরখাস্ত নেয়া শুরু হবে বলে জানা গেছে।